



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ৮৭/২১

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ ডিসেম্বর ২০২১ খ্রি.

### প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর ০১ (এক) জন সক্রিয় সদস্য গ্রেফতার।**

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি টোকস দল গোপন তথ্যের ভিত্তিতে ২২ ডিসেম্বর ২০২১ তারিখ আনুমানিক রাত ১০.৪০ ঘটিকায় রমনা থানাধীন রমনা পার্কের স্টার গেইটের সামনে থেকে “আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)” এর ০১ (এক) জন সক্রিয় সদস্যকে আটক করা হয়েছে। আটককৃত সদস্যের নাম- মোঃ ফয়সাল আহমেদ (২৩), পিতা- মোঃ ইব্রাহিম, মাতা- আরজু বেগম, গ্রাম- ভবানীপুর, থানা- দৌলতখান, জেলা-ভোলা। গ্রেফতারকালে তার নিকট থেকে উগ্রবাদী কর্মকাণ্ডে ব্যবহৃত ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট ও ০২ টি সীম কার্ড জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী মোঃ ফয়সাল আহমেদ তার ফেসবুক আইডি ও অন্যান্য এনক্রিপ্টেড যোগাযোগ মাধ্যম ব্যবহার করে দেশ থেকে ইসলাম বিরোধী কাজ দূর করে যে কোন মূল্যে কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে তাদের মতবাদ প্রচারের জন্য বিভিন্ন ধরনের উগ্রবাদী বই ও প্রচারপত্র তৈরী করত। সে অনলাইনে তার সহযোগী একাধিক আইডির সাথে জিহাদ এবং দেশ বিরোধী পরিকল্পনা করত। তার ফেসবুক আইডি “ইমাম মাহদীর সৈনিক আমি (জিহাদ ফি সাবিলিল্লাহ)” এর মাধ্যমে সে সরকার বিরোধী ষড়যন্ত্র, হত্যা, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা, প্রশিক্ষণ, অস্ত্র ও বোমা সংগ্রহের চেষ্টা করে আসছিল। নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আনসারুল্লাহ বাংলা টিম” এর কার্যক্রম পরিচালনার মাধ্যমে সে খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করছিল। তার ব্যবহৃত মোবাইল সেট থেকে লগইন অবস্থায় জিহাদের প্রস্তুতি বিষয়ক আলোচনা ও বাংলাদেশ সরকার বিরোধী ষড়যন্ত্র সংক্রান্তে বিভিন্ন লিংক পাওয়া গিয়েছে।

আসামী মোঃ ফয়সাল আহমেদ (২৩) নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্রের সহযোগিতা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করে সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৯(৩)/১০/১৩ ধারা মোতাবেক অপরাধ করেছে। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

  
২৩/১২/২০২১

(ওয়াহিদা পারভীন)

সহকারী পুলিশ সুপার

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ ঢাকা।

Email: [atu.aspma@police.gov.bd](mailto:atu.aspma@police.gov.bd)